

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৩৬

পর্ব - ৪ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. নফল সদাকাহ - পরিবারের আবশ্যিক ভরণ-পোষণ নফল দানের পূর্বে বিবেচ্য

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «تَصندَّقُوا»، فَقَالَ رَجُلُّ: يَا رَسُولَ اللَّهِ, عِنْدِي دِينَارٌ قَالَ: «تَصندَّقْ بِهِ عَلَى نَفْسِكَ»، قَالَ: عِنْدِي آخَرُ, قَالَ: «تَصندَّقْ بِهِ عَلَى وَلَدِكَ» قَالَ: عِنْدِي آخَرُ, قَالَ: «تَصندَّقْ بِهِ عَلَى خَادِمِكَ» قَالَ: عِنْدِي آخَرُ, قَالَ: «أَنْتَ وَلَدِكَ» قَالَ: عِنْدِي آخَرُ, قَالَ: «أَنْتَ أَبْصَرُ». رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ, وَصنحَّحَهُ ابْنُ حِبَّانَ وَالْحَاكِمُ

جاء في جميع المصادر زيادة وهي: قال: عندي آخر. قال: تصدق به على زوجتك

حسن. رواه أبو داود (1691)، والنسائي (5/ 62)، وابن حبان (3326)، والحاكم (1/ 415)

বাংলা

৬৩৬. আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা সাদাকা প্রদান কর। জনৈক ব্যক্তি বললো: হে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমার নিকট একটি দিনার (স্বর্ণ মুদ্রা) আছে। তিনি বললেন—তুমি ওটা নিজেকেই দান কর (রেখে দাও)। লোকটা বললোঃ আমার নিকট আরও একটি আছে। তিনি উত্তরে বললেন, এটা তোমার ছেলেদের (সন্তানের) জন্য খরচ কর।[1] লোকটা বললো আমার নিকট আরো একটি আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: ওটা তোমার স্ত্রীর জন্য খরচ কর। লোকটা বললো: আমার কাছে আরো একটি আছে। নবী বললেন— ওটা তোমার খাদিমের জন্য খরচ কর। লোকটা বললো: আমার কাছে আরো একটি মুদ্রা আছে। নবী বললেন—তুমিই ভাল জান (এটা কোথায় খরচ করবে)। আবৃ দাউদ, নাসায়ী, আর ইবনু হিববান ও হাকিম একে সহীহ বলেছেন।[2]



English

Abu Hurairah (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) said: "Give Sadaqah." A man then said, 'Allah's Messenger (ﷺ), I have a Dinar.' He then said to him, "Give it to yourself as Sadaqah." The man again said, 'I have another one.' The Messenger of Allah (ﷺ) said: "Give it to your children as Sadaqah." He said, 'I have another one.' He said, "Give it to your wife as Sadaqah." The man again said, 'I have another one.' The Messenger of Allah (ﷺ) said: "Give it to your servant as Sadaqah." He said, 'I have another one.' The Messenger of Allah (ﷺ) said: "You know better to whom you should give it." Related by Abu Dawud and An-Nasa'i. Ibn Hibban and Al-Hakim regarded it as Sahih.

ফুটনোট

- [1] প্রায় সকল হাদীস গ্রন্থে আরও রয়েছে, তিনি (সাহাবী) বলেন, আমার কাছে আরও আছে। তিনি বললেন, তুমি তা তোমার স্ত্রীকে দান করে দাও।
- [2] আবু দাউদ ১৬৯১, নাসায়ী ২৫২৫, আহমাদ ৭২৭১, ৯৭২৬

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন